**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 18-03-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## Raisina Dialogue :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী ক্রিস্টোফার লুক্সোন যৌথভাবে গতকাল নয়াদিল্লিতে রাইসিনা সংলাপ ২০২৫-এর সূচনা করেন। নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী ক্রিস্টোফার লুক্সোন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রশংসা করে বলেন, ভারত ও নিউজিল্যান্ড অর্থনৈতিকভাবে বিশ্বের সবচেয়ে গতিশীল অঞ্চলের অংশ হতে পেরে সৌভাগ্যবান। তিনি বলেন, আগামী বছরগুলোতে বৈশ্বিক অর্থনীতির দুই-তৃতীয়াংশই হবে ইন্দো-প্যাসিফিক অঞ্চল এবং ২০৩০ সালের মধ্যে বিশ্বের মধ্যবিত্ত অংশের ভোক্তাদের দুই-তৃতীয়াংশের আবাসস্থল হবে ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল। এদিকে, ভারত ও নিউজিল্যান্ডের মধ্যে প্রতিরক্ষা, শিক্ষা, খেলাধুলা, উদ্যান পালন ও বন সংরক্ষণের ক্ষেত্রে ৫টি দ্বিপাক্ষিক চুক্তি ও স্বাক্ষরিত হয়েছে|

***************************

## PM Internship App:

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন গতকাল নতুনদিল্লিতে প্রধানমন্ত্রীর ইন্টার্নশিপ স্কিমের জন্য একটি মোবাইল অ্যাপ চালু করেন। অনুষ্ঠানে শ্রীমতী সীতারামন বলেন, শ্রেণিকক্ষের শিক্ষা এবং শিল্পের প্রত্যাশার মধ্যে ব্যবধান পূরণ করার ব্যাপারে যথেষ্ট সম্ভাবনা পূর্ণ হলো পিএম ইন্টার্নশিপ স্কিম। যার মাধ্যমে যুবাদের কর্মসংস্থানের ক্ষমতা বৃদ্ধি পাচ্ছে। অনুষ্ঠানে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী হর্ষ মালহোত্রা বলেন, পিএমআইএস অ্যাপে যুবসমাজের জন্য ইন্টার্নশিপের সুযোগ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পাবে। ২০২৪-২৫ সালের বাজেটে ঘোষিত

প্রধানমন্ত্রী ইন্টার্নশিপ স্কিম পাঁচ বছরে শীর্ষ ৫00 টি সংস্থায় এক কোটি যুবককে ইন্টার্নশিপের সুযোগ দেওয়ার লক্ষ্য নিয়েছে। এই প্রকল্পের উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হল, ভারতের শীর্ষস্থানীয় সংস্থাগুলিতে ১২ মাসের পেইড ইন্টার্নশিপ সুবিধা মিলবে ।এই প্রকল্পটি ২১ থেকে ২৪ বছর বয়সী তরুণ-তরুণীদের দিকে লক্ষ্য রেখে তৈরি করা হয়েছে। এই প্রকল্পের অধীনে প্রতিটি শিক্ষানবিশকে মাসিক ৫000 টাকা আর্থিক সহায়তা দেওয়া হবে, যার সঙ্গে এককালীন ৬000 টাকা আর্থিক সহায়তাও দেওয়া হবে।

***************************

## PM Suryaghar Mufta Bijli Yojana :

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, পিএম সূর্যঘর মুফত বিজলী যোজনায় চলতি অর্থবছরে রাজ্যে ৫0 হাজার সোলার প্ল্যান্ট স্থাপনের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। ইতিমধ্যে ১২ হাজার ৮00টি সোলার প্ল্যান্ট স্থাপনের কাজ শেষ হয়েছে। গতকাল জিরানীয়া মহকুমার রাণীরগাঁও বিদ্যালয় প্রাঙ্গণে পিএম সূর্যঘর মুফত বিজলী যোজনার রেজিস্ট্রেশান ক্যাম্পের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, 'প্রধানমন্ত্রী সূর্যঘর মুফত বিজলী যোজনা' বিদ্যুৎ সাশ্রয় এবং নিজস্ব পারিবারিক আয় বৃদ্ধিতে সহায়ক হবে। তিনি সকলকে এই যোজনার সুবিধা গ্রহণ করার আহ্বান জানান|

***************************

## Ashwini Vaishnaw:

রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেছেন যে সরকার রেল পরিকাঠামো উন্নত করতে এবং যাত্রীদের আরামদায়ক এবং সাশ্রয়ী মূল্যের ভ্রমণের সুবিধা দিতে বেশ কয়েকটি পদক্ষেপ নিয়েছে। রেলওয়ে দেশে রেল দুর্ঘটনা হ্রাস করার দিকে লক্ষ্য রেখে গত ১0 বছরে ৫ লক্ষ কর্মসংস্থান সৃষ্টি করেছে। গতকাল রাজ্যসভায় রেল মন্ত্রকের কাজকর্ম নিয়ে আলোচনার জবাবে মন্ত্রী একথা বলেন।

শ্রী বৈষ্ণব বলেন, ২০২০ সাল থেকে যাত্রী ভাড়া বৃদ্ধি করা হয়নি। তিনি বলেন রেল মন্ত্রক নতুন রেলপথ স্থাপন এবং পুরানো রেলপথ প্রতিস্থাপনের জন্য ক্রমাগত কাজ করছে, যার ফলে ট্রেনের নিরাপত্তা উল্লেখযোগ্যভাবে উন্নত হয়েছে। শ্রী বৈষ্ণব উল্লেখ করেন ২০০৫-২০০৬ সাল থেকে রেল দুর্ঘটনা ৯০ শতাংশ কমেছে। সরকার রেল দুর্ঘটনা আরও কমাতে কঠোর প্রচেষ্টা চালাচ্ছে। রেলওয়ে সারা দেশের প্রধান স্টেশনগুলিতে ৬০টি স্থায়ী হোল্ডিং এরিয়া স্থাপন করে ভিড়ের মরসুমে আরও ভালো ভিড় ব্যবস্থাপনার জন্য কাজ করছে। মহাকুম্ভের সময় ২৩টি স্থায়ী হোল্ডিং এরিয়া স্থাপন করা হয়েছিল এবং মহাকুম্ভের সময় চার কোটি ৫০ লক্ষেরও বেশি যাত্রী রেলে ভ্রমণ করেছেন। রেলওয়ের সাফল্য তুলে ধরে মন্ত্রী বলেন, রেলওয়ে অন্যান্য দেশে সরঞ্জাম ও যন্ত্রাংশ রপ্তানি করছে, যা দেশের উৎপাদন দক্ষতার ক্রমবর্ধমান প্রতিফলন। এর এই আর্থিক বছরে ১,৪০০টি লোকোমোটিভ তৈরি করা হয়েছে।

এর আগে, আলোচনায় অংশ নিয়ে বিজেপির সঞ্জয় শেঠ বলেন ২০১৪ সাল থেকে রেলওয়েতে রূপান্তরমূলক পরিবর্তন এসেছে। রেলওয়ে স্টেশনগুলিকে বিমানবন্দরের মতোই ডিজাইন করা হচ্ছে, যা স্যানিটেশনের ক্ষেত্রে একটি নতুন মানদণ্ড স্থাপন করছে।

***************************

**Curfew in Manipur:**

দুই গোষ্ঠির মধ্যে সংঘর্ষের ফলে পরিস্থিতি অবনতি হওয়ায় মনিপুরে চূড়াচাঁদপুর জেলাতে কার্ফু জারি করা হয়েছে। জেলা প্রশাসন থেকে এই পদক্ষেপ নেওয়ার সাথে অতিরিক্ত নিরাপত্তা বাহিনী মোতায়ন করা হয়েছে| জেলার ডেপুটি কমিশনার এস. ধারুন কুমার জনগনকে শান্তি বজায় রাখতে ও প্রশাসনকে সয়াহতা করতে আহ্বান জানিয়েছেন|

***************************

## Ayushman Boy Bandhana Card:

আগরতলা পুর নিগমের ১৮ নং ওয়ার্ডের উদ্যোগে ও পশ্চিম জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক এর সহায়তায় গতকাল ওয়ার্ড এর কার্যালয়ে প্রবীন নাগরিকদের স্বাস্থ্য পরিষেবার জন্য আয়ুষ্মান বয় বন্দনা কার্ড প্রদান করা হয়। এতে উপস্থিত ছিলেন ওয়ার্ডের কর্পোরেটর অভিষেক দত্ত, স্বাস্থ্য আধিকারিক, ও নিগমের কর্মীরা। আয়ুষ্মন ভারত প্রকল্পে এই কার্ড এর মাধ্যমে ৭0 উর্ধ বয়স্ক ব্যক্তিরা রাজ্যে ও বহি: রাজ্যে চিকিৎসার জন্য পাঁচ লাখ টাকা  স্বাস্থ্য পরিষেবায় সহায়তা পাবেন। অনুষ্ঠানে  এলাকার বহু প্রবীন নাগরিক উপস্থিত ছিলেন। কর্পোরেটর অভিষেক দত্ত সকলকে এই প্রকল্পের সুযোগ গ্রহণ করার জন্য আহ্বান জানিয়েছেন।

***************************

## Weather :

আজ আকাশ আংশিক মেঘলা থাকবে। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সিপাহীজলা, ধলাই, গোমতি, এবং পশ্চিম ত্রিপুরা জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি সঙ্গে ঘন্টায় ৪0 থেকে ৫0 কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা পরিলক্ষিত হয়েছে ২৫.৬ ডিগ্রী সেলসিয়াস। আজ ভোর পর্যন্ত বৃষ্টিপাতের পরিমান ২.২ মিলিমিটার|

***************************

***************************